

প্রবাসীদের জন্য আইন পরিবর্তনের ঘোষণা কুয়েতে

- A Monitor Desk Report

Date: 20 August, 2023



কুয়েত ছেড়ে যাচ্ছেন এমন প্রবাসীদের জন্য আইন পরিবর্তনের ঘোষণা দিয়েছে দেশটির সংশ্লিষ্ট মন্ত্রণালয়। এর অন্যথা হলে যথাযথ ব্যবস্থা নেয়ার কথাও বলা হচ্ছে।

গণমাধ্যম এক প্রতিবেদনে জানায়, এখন থেকে কুয়েত ছাড়ার আগেই প্রবাসীদের নথিভুক্ত সব ট্রাফিক জরিমানা নিষ্পত্তি করতে হবে।

দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় সব প্রবাসীদের আইন মেনে চলাচলের আহ্বান জানিয়ে বলেছে, নতুন আইনটি খুব দ্রুতই কার্যকর হবে।

আরো জানায়, প্রবাসী যে দেশেরই হোক না কেন তাকে অবশ্যই নথিভুক্ত সব জরিমানা নিষ্পত্তি করে দেশ ত্যাগ করতে হবে।

আরও পড়ুন: [প্রবাসীদের এনআইডি আবেদন নিষ্পত্তিতে বসছে কর্তৃপক্ষ](#)

মাইক্রো ব্লগিং সাইটে দেয়া এক বার্তায় বলা হয়, দেশের শান্তি ও শৃংখলা বজায় রাখতে আইন প্রয়োগ করতে দ্বিধা করবে না কুয়েতের প্রশাসন।

-B